



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
ASHUGANJ POWER STATION COMPANY LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)
ISO 9001:2015, ISO:14001:2015 & ISO 45001:2018 Certified Management System.



স্মারক নং- ০২/এপিএসসিএল/এমডি/কোম্পানি এ্যাফেয়ার্স/২০২০/৭৯৮

তারিখঃ ১১ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
২৭ অক্টোবর, ২০২০ খ্রিঃ

“ অফিস আদেশ ”


সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও এর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক “সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)” প্রণয়ন করা হয়। উক্ত নির্দেশিকায় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সরকারি প্রতিষ্ঠান এবং কর্মচারীগণের করণীয় ও বর্জনীয় নির্ধারণ করা এবং এক্ষেত্রে প্রয়োজনীয় নিরাপত্তা ও গোপনীয়তা নিশ্চিত করার বিষয়ে উল্লেখ করা হয়।

২। উল্লিখিত নির্দেশনায় সামাজিক যোগাযোগ মাধ্যমে দাপ্তরিক এবং ব্যক্তিগত একাউন্ট তৈরি করা এবং এতে পরিহারযোগ্য বিষয়াদি উল্লেখ রয়েছে। এরূপ নির্দেশিকার আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ মে ২০২০ তারিখের পরিপত্র নম্বর: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪-১৩৬ মোতাবেক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ (এপিএসসিএল)-এর সকল কর্মকর্তা/কর্মচারীগণকে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

- সামাজিক যোগাযোগের বিভিন্ন মাধ্যমে সরকার বা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কন্মেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
- জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থী কোনো রকম তথ্য-উপাত্ত প্রকাশ করা থেকে বিরত থাকতে হবে;
- কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এমন বা ধর্মনিরপেক্ষতার নীতি পরিপন্থী কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না। সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট বা আইন-শৃঙ্খলার অবনতি ঘটতে পারে এরূপ কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কন্মেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;
- জাতীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি, প্রতিষ্ঠান বা অন্য কোন সার্ভিস/পেশাকে হেয় প্রতিপন্ন করে এমন কোনো পোস্ট দেয়া হতে বিরত থাকতে হবে;
- লিঙ্গ বৈষম্য বা এ সংক্রান্ত বিতর্কমূলক কোনো তথ্য-উপাত্ত প্রকাশ করা যাবে না;
- জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয় লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি প্রকাশ করা যাবে না;
- ভিত্তিহীন, অসত্য ও অশ্লীল তথ্য প্রচার হতে বিরত থাকতে হবে;
- অন্য কোনো রাষ্ট্র বা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তি সম্পর্কে বিরূপ মন্তব্য সম্বলিত কোনো পোস্ট, ছবি, অডিও বা ভিডিও আপলোড, কন্মেন্ট, লাইক, শেয়ার করা থেকে বিরত থাকতে হবে;

৩। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবস্থাপনার ক্ষেত্রে ‘কন্টেন্ট’ ও ‘ফ্রেন্ড’ সিলেকশনে সকলকে সতর্কতা অবলম্বন এবং অপ্রয়োজনীয় ট্যাগ, রেফারেন্স বা শেয়ার করা পরিহার করতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার বা নিজ একাউন্টের ক্ষতিকারক কন্টেন্টের জন্য সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন এবং সে জন্য প্রচলিত আইন ও বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

নির্দেশক্রমে,


২৭/১০/২০

(মোহাম্মদ আবুল মনসুর, এফসিএমএ, এসিএস)

কোম্পানী সচিব

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ।

অনুলিপি:

১. ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ।
২. নির্বাহী পরিচালক (প্রকৌশল/পিএন্ডডি/অর্থ), এপিএসসিএল।
৩. প্রধান প্রকৌশলী..... এপিএসসিএল।
৪. উপ-মহাব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী..... এপিএসসিএল।
৫. ব্যবস্থাপক/নির্বাহী প্রকৌশলী....., এপিএসসিএল।
৬. জনাব....., এপিএসসিএল।

৭. দপ্তর কপি।
CORPORATE OFFICE

Navana Rahim Ardent (Level-8)
185, Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka
Phone : +880-2-9330915
Fax : +880-2-9330918
E-mail : apscl@apscl.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.

Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.gov.bd